ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৭৬৮

খোয়াই, ১৭ মে, ২০২৫

**খোয়াই জিলা পরিষদের শিল্প বিষয়ক**
**স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত**

খোয়াই জিলা পরিষদের কনফারেন্স হলে আজ জিলা পরিষদের শিল্প বিষয়ক স্থায়ী কমিটির এক বৈঠক অনুষ্ঠিত হয়। স্থায়ী কমিটির সভাপতি হরিশঙ্কর পালের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় জিলা পরিষদের সহ সভাধিপতি সত্যেন্দ্র চন্দ্র দাস, শিল্প বিষয়ক স্থায়ী কমিটির সদস্যা বিজয়তা দেববর্মা, সদস্য রতন কুমার দাস প্রমুখ উপস্থিত ছিলেন। সভায় রেশম শিল্প ও ভূমি উদ্যান দপ্তরের আধিকারিক জানান চলতি বছর খোয়াই জেলার বিভিন্ন ব্লক এলাকায় ৪০ জন তুঁত চাষিকে ২০ একর এলাকায় তুঁত বাগান করে দেওয়া হবে। প্রতি একর তুঁত বাগান করতে ৩৪ হাজার ৪০০ টাকা করে ব্যয় হবে। জেলার বিভিন্ন ব্লক এলাকার ৮৭ জন তুঁত চাষির ২৪ একর তুঁত বাগান সংস্কার করে দেওয়া হবে। তিনি জানান, জেলার অন্তর্গত কল্যাণপুর, তেলিয়ামুড়া, খোয়াই এবং পদ্মবিল ব্লকের ২০ জন তুঁত চাষির প্রত্যেককে একটি করে রিয়ারিং হাউজ করে দেওয়া হবে। হস্ততাঁত ও হস্তকারু দপ্তরের প্রতিনিধি জানান, ২০২৪-২৫ অর্থবছরে জেলার ১৫০০ জন জনজাতি অংশের মহিলাকে ১ কেজি করে সুতা প্রদান করা হয়েছে। মুখ্যমন্ত্রী ট্রাইবেল ডেভেলপমেন্ট প্রোগ্রামের আওতায় এই সহায়তা দেওয়া হয়েছে। এতে কল্যাণপুর ব্লকের ১৭০ জন, খোয়াই ব্লকের ১৭০ জন, তেলিয়ামুড়া ব্লকের ২৫০ জন, পদ্মবিল ব্লকের ৩০০ জন, তুলাশিখর ব্লকের ৩০০ জন এবং মুঙ্গিয়াকামী ব্লকের ৩১০ জন উপকৃত হয়েছেন।

******